www.prepp.in

Prepp
Your Personal Exams Guide



# বাংলা

## প্রশ্নপত্র—I

( সাহিত্য )

সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

### প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট আটটি (8) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে তা পরিষ্কারভাবে কেটে দেবেন।

# BENGALI

## PAPER—I

( LITERATURE )

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

### QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, any THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

*(a)* ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের দশটি শাখার নাম উল্লেখ করুন। ইন্দো-ইরানীয় শাখার বিশেষত্বগুলির পরিচয় দিন। 5+5=10

*(b)* মধ্যযুগের বাংলা ভাষার কালগত সীমা নির্দেশ করে সংক্ষেপে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করুন। 10

*(c)* বাংলা উপভাষার সংখ্যা কয়টি? কামরূপী উপভাষার অঞ্চল এবং তার ঔপভাষিক বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করুন। 1+2+7=10

*(d)* পাঁচটি অস্ট্রিক শব্দ নির্বাচন করে বাংলা ভাষায় অস্ট্রিক শব্দাবলী কীভাবে মিশ্রিত হয়েছে, দেখান। 10

*(e)* সাধু ও চলিত বাংলা বলতে কী বোঝানো হয়? চলিত বাংলাকে কি কথ্য বাংলার লিখিত রূপ বলে গ্রহণ করা যায়? 5+5=10

**2.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* ধ্বনির লোপ, অন্ত্যস্বরাগম, য়-শ্রুতি বাংলায় কীভাবে ঘটে তা উদাহরণসহ আলোচনা করুন। 20

*(b)* বাংলা বানান সমস্যার কারণ ও সমাধান সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন। 15

*(c)* বাংলায় লিপ্যন্তর (transliteration) এবং রোমানীকরণ (Romanization) সংক্রান্ত সমস্যাগুলি উল্লেখ করে কোনো সম্ভাব্য সমাধান অবলম্বন করা যায় কিনা তা বিচার করুন। 15

**3.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* উদাহরণসহ বাংলা ধ্বনি-পরিবর্তনের কারণগুলি উল্লেখ করুন। 15

*(b)* বাংলা শব্দগঠনের প্রকৃতি ও প্রকারভেদ সংক্ষেপে ব্যাখ্যা করুন। 20

*(c)* প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়সীমা উল্লেখ করে তার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দিন। 15

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**4.** নিম্নলিখিত সবগুলির উপর টীকা লিখুন :

(a) বাংলা জটিল বাক্য গঠনের নিয়মাবলী ও পদ্ধতি 10

(b) আধুনিক বাংলা স্বরধ্বনি 10

(c) মহাপ্রাণ ও অল্পপ্রাণ ধ্বনি 10

(d) রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্য 10

(e) অবহট্‌ঠ 10

## SECTION—B

**5.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) বাংলা সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগের পর্বভেদ ও সময়সীমা নির্ণয় করুন।

(b) প্রাগাধুনিক ও আধুনিক বাংলা সাহিত্যের তফাতগুলি বিবৃত করুন।

(c) রামায়ণ-মহাভারতের তুলনায় বাংলায় ভাগবত-এর অনুবাদ ভীষণভাবে কম—কারণ ব্যাখ্যা করুন।

(d) চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলীর বৈশিষ্ট্য নির্ণয় করুন।

(e) ভারতচন্দ্রের কাব্যে আধুনিকতার লক্ষণ নির্ণয় করুন।

**6.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) রবীন্দ্র-নাটকে আইডিয়া বা ভাবনারই প্রাধান্য—এই মত সমর্থন করা যায় কি? যুক্তিসহ লিখুন। 15

(b) রবীন্দ্রনাথ ও রবীন্দ্রোত্তর আধুনিক কবিতার মাঝখানে যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতাচর্চার পরিচয় দিন। 20

(c) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান বিচার করুন। 15

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**7.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* মধ্যযুগীয় বাংলা সাহিত্যে ধর্ম-নিরপেক্ষতার অনুসন্ধান করুন। 15

*(b)* উনিশ শতকের বাংলা গীতিকবিতার উৎস ও বিবর্তনের সংক্ষিপ্ত পরিচয় দিন। 15

*(c)* গ্রামীণ কৃষি সভ্যতা ও আধুনিক শিল্পের দ্বন্দ্বের চিত্র তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের বহু উপন্যাসের উপজীব্য। মন্তব্যটির সমর্থন বা বিরোধিতা করে আপনার মতামত লিখুন। 20

**8.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* রবীন্দ্র-অনুসারী কবিগোষ্ঠীর তিনজন কবির কৃতিত্ব নির্ণয় করুন। 15

*(b)* মহাশ্বেতা দেবীর রচনায় নারীর প্রতিবাদী সত্তার পরিচয় দিন। 20

*(c)* বাংলা নাট্যমঞ্চ ও নাট্যসাহিত্যে 'জাতীয় রঙ্গালয়'-এর গুরুত্ব আলোচনা করুন। 15

★★★

Prepp Your Personal Exam Guide